

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

তারিখ: ২০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৪৯.২৫.২০৫

বিষয়: ১০০% রপ্তানীমুখী শিল্প কারখানার অনুকূলে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহ ছাড়করণের লক্ষ্যে
আই, পি জারীর জন্য সুপারিশ প্রদান।

সূত্র: আবেদনপত্র নং-৯২৮, তারিখ: ২৪/০৯/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, “মেসার্স শেফার্ড ফেলি ইয়ার্ণ লিমিটেড”, অফিসঃ শেফার্ড টাওয়ার, বাড়ি নং-২৪, রোড নং-০৪, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা ও কারখানাঃ বাগড়াপাড়া, কাঠালী, ০৮ নং ওয়ার্ড পৌরসভা, ভালুকা, ময়মনসিংহ নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী “টেক্সটাইল স্পিনিং” উপ-খাতে রেজিস্ট্রেশন প্রাপ্ত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন সংখ্যা- পরিঃ/স্পিনিং: ০০০০০৫০৫-২০২০, তারিখঃ ২৯/১০/২০২০ খ্রিঃ। বিদেশী উদ্যোক্তা তাদের কারখানার অনুকূলে বিদেশ থেকে কিছু মেশিনারীজ FREE OF COST এর আওতায় সরাসরি প্রেরণ করেছেন। যা ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। উক্ত প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীর প্রয়োজনীয় সুপারিশ প্রেরণের জন্য কারখানার মালিকপক্ষ বস্ত্র অধিদপ্তরে আবেদন করেছেন। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহের ইনভয়েস নং- SFY2501 Date: 15/09/2025 খ্রিঃ, বিএল নং- RWYOE25090057CGP Date: 17/09/2025 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- 90,000.00 ইউএসডি দাখিল করেছেন। প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহ কারখানার অবস্থান: বাগড়াপাড়া, কাঠালী, ০৮ নং ওয়ার্ড পৌরসভা, ভালুকা, ময়মনসিংহ, বাংলাদেশ-এ স্থাপন করবেন বলে জানিয়েছেন।

২। এমতাবস্থায়, উক্ত বস্ত্র শিল্প কারখানার মালিকপক্ষের আবেদনের প্রেক্ষিতে বর্ণিত ডকুমেন্টস এর মাধ্যমে কারখানার নামে সরাসরি প্রেরিত টেক্সটাইল মেশিনারীজ/যন্ত্রাংশসমূহ খালাস করার লক্ষ্যে কাষ্টমস কর্তৃপক্ষের বিদ্যমান নীতিমালা আমদানি নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে এবং সংশ্লিষ্ট এস.আর.ও মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইম্পোর্ট পারমিট (আই. পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।



০৫-১০-২০২৫

মোঃ সাইফুর রহমান
উপপরিচালক (কারিগরি)

প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০৪৯.২৫.২০৫/১ (৫)

তারিখ: ২০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাস্টমস হাউস চট্টগ্রাম।
- ২। মহাব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ৩। পিএ টু পরিচালক (বস্ত্র), বস্ত্র অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, “মেসার্স শেফার্ড ফেব্রিক ইয়ার্ণ লিমিটেড”, অফিসঃ শেফার্ড টাওয়ার, বাড়ি নং-২৪, রোড নং-০৪, সেক্টর-৪, উত্তরা, ঢাকা ও কারখানাঃ বাগড়াপাড়া, কাঠালী, ০৮ নং ওয়ার্ড পৌরসভা, ভালুকা, ময়মনসিংহ।
- ৫। এসিস্টেন্ট মেনেজিং ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



০৫-১০-২০২৫

কামরুল আলম

সহকারী পরিচালক (কারিগরি)।